# নীলফামারী সদর ইউসিসিএ লিঃ

**রেজি নং ১৪, তারিখঃ ০৬/০৫/১৯৮২খ্রি.।**

**উপজেলা পরিষদ চত্ত্বর, নীলফামারী সদর, নীলফামারী।**

স্মারক নং- ০১

তারিখঃ ০৫/০৩/২০২৬খ্রি.।

এতদ্বারা নীলফামারী সদর ইউসিসিএ লিঃ এর সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭/০৪/২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য সমিতির বিশেষ সাধারন সভার মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির সভাপতি ০১ জন(সমগ্র এলাকা), সহ সভাপতি ০১ জন (সমগ্র এলাকা) ও সংশ্লিষ্ট ০৬ টি ব্লকের জন্য ০৬ জন সদস্য পদে নির্বাচনের নিমিত্তে নির্বাচন কমিটির ০৫/০৩/২০২৬ খ্রি. তারিখের সভায় প্রনীত ব্যবস্থাপনা কমিটির নির্বাচনী তফসীল সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৭(১) বিধি অনুযায়ী সমিতির সদস্য সমিতি ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে নিম্ন রুপভাবে ঘোষনা করা হলো।

**নির্বাচনী তফসিল/২০২৬খ্রিঃ**

| ক্রঃ নং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ১ | মনোনয়ন পত্র সরবরাহ | নীলফামারী সদর ইউসিসিএ লিঃ এর কার্যালয় | ১০/০৩/২০২৬ খ্রি. | সকাল ১০.০০টা হতে দুপুর ২.০০টা পর্যন্ত |
| ২ | মনোনয়ন পত্র দাখিল | নীলফামারী সদর ইউসিসিএ লিঃ এর কার্যালয় | ১২/০৩/২০২৬ খ্রি. | সকাল ১০.০০টা হতে দুপুর ২.০০টা পর্যন্ত |
| ৩ | মনোনয়ন পত্র যাচাই-বাচাই | নীলফামারী সদর ইউসিসিএ লিঃ এর কার্যালয় | ১৫/০৩/২০২৬ খ্রি. | সকাল ১১.০০টা |
| ৪ | বৈধ, বাতিলকৃত মনোনয়ন পত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ১৫/০৩/২০২৬ খ্রি. | বিকাল ২.০০টা |
| ৫ | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কোন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বা অবৈধ ঘোষনায় আপত্তি বিষয়ে আপিল আবেদন | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর মহোদয় বরাবর | ১৬/০৩/২০২৬ খ্রি.<br>১৮/০৩/২০২৬ খ্রি. | অফিস চলাকালীন সময় |
| ৬ | আপিল আবেদনের উপর শুনানী ও সিদ্ধান্ত গ্রহন | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর মহোদয় কর্তৃক | ২৪/০৩/২০২৬ খ্রি.<br>২৫/০৩/২০২৬ খ্রি.<br>২৯/০৩/২০২৬ খ্রি. | আপিল কতৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় |
| ৭ | বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ৩০/০৩/২০২৬ খ্রি. | দুপুর ১২.০০টা |
| ৮ | প্রার্থীতা প্রত্যাহার (লিখিত আবেদন) | নীলফামারী সদর ইউসিসিএ লিঃ এর কার্যালয় | ৩১/০৩/২০২৬ খ্রি. | সকাল ১০.০০টা হতে দুপুর ২.০০টা পর্যন্ত |
| ৯ | চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ৩১/০৩/২০২৬ খ্রি. | বিকাল ৩.০০ টা |
| | প্রতীক বরাদ্দ | নীলফামারী সদর ইউসিসিএ লিঃ এর কার্যালয় | ৩১/০৩/২০২৬ খ্রি. | বিকাল ৪.০০ টা |
| ১০ | ভোট গ্রহন | নীলফামারী সদর উপজেলা পল্লী ভবন হল রুম | ০৭/০৪/২০২৬ খ্রি. | সকাল ১০.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত বিরতিহীন ভাবে। |
| ১১ | ভোট গণনা ও নির্বাচনী ফলাফল ঘোষনা | নীলফামারী সদর উপজেলা পল্লী ভবন হল রুম | ০৭/০৪/২০২৬ খ্রি. | ভোট গণনা শেষে বিশেষ সাধারন সভার মাধ্যমে। |

**নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্যঃ**

০১। নির্বাচন সমবায় সমিতি আইন/২০০১, (সংশোধীত-২০০২ ও সংশোধীত ২০১৩) সমবায় সমিতি বিধিমালা/০৪ এবং সংশ্লিষ্ট সমিতির নিবন্ধিত উপ-আইন মোতাবেক পরিচালিত হবে।

০২। ব্যবস্থাপনা কমিটির সভাপতি পদে ০১ জন, (সমগ্র নির্বাচনী এলাকা), সহ-সভাপতি পদে ০১ জন, (সমগ্র নির্বাচনী এলাকা), সদস্য পদে ০৬ জন ০৬টি নির্বাচনী ব্লক থেকে মোট০৮টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে

০৩। সমিতির ব্যবস্থাপনা কমিটির ০৭/০১/২০২৬ খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক নির্বাচনে অংশ গ্রহনকারী আগ্রহী প্রত্যেক প্রার্থীকে মনোনয়ন পত্র সমিতির কার্যালয় হতে মনোনয়ন পত্রের ফি বাবদ (অফেরত যোগ্য) সভাপতি পদে ৫০০০/-(পাঁচ হাজার) টাকা, সহ-সভাপতি পদে ৩০০০/-(তিন হাজার) টাকা, সদস্য পদে ২০০০/-(দুই হাজার) টাকা রশিদ মূলে জমা দিয়ে মনোনয়ন পত্র গ্রহন করতে হবে এবং মনোনয়ন পত্র দাখিলের সময় রশিদের মূল কপি সংযুক্ত করতে হবে।

০৪। মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ১(এক) কপি সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত ছবি সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং জেলা বা উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০৫। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক সকল প্রার্থীকে সমবায় সমিতি আইন/২০০১( সংশোধীত-২০০২, সংশোধীত- ২০১৩) ও সমবায় সমিতি বিধিমাল/২০০৪ এবং সমিতির উপ-আইন মোতাবেক যোগ্য হতে হবে।

৬। পদ ভিত্তিক প্রতীক বরাদ্দ নিম্নরুপ

নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমুহঃ

| ক্রমিক নং | পদের নাম | সংখ্যা | প্রতীক সমুহ |
|---|---|---|---|
| ০১ | সভাপতি | ০১ জন | ছাতা, চাকা, তালা-চাবি, টেলিফোন |
| ০২ | সহ-সভাপতি | ০১ জন | দোয়াত-কলম, কাপ-পিরিচ, কুড়াল, মোবাইল |
| ০৩ | সদস্য | ০৬ জন | মোড়গ, কম্পিউটার, টেবিল, মই, বাইসাইকেল, চশমা, ফ্যান, দেয়াল ঘড়ি, কুড়েঘর, তলোয়ার, ফুটবল। |

০৭। মনোনয়ন পত্র বাছাই, প্রতীক বরাদ্দ ও অন্যান্য কর্মকান্ড চলাকালীন সময়ে প্রার্থী অথবা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

০৮। চুড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সদস্য সমিতির বৈধ প্রতিনিধি ব্যতীত কোন ব্যক্তি নির্বাচনে অংশ গ্রহন বা নির্বাচনে ভোট প্রদান করতে পারবেন না।

০৯। কোন প্রার্থী একাধিক পদে মনোনয়ন পত্র দাখিল করতে পারবেন না।

১০। ব্যালট পেপার প্রার্থীগনের নামের আদ্যক্ষর অনুসারে সন্নিবেশিত হবে এ ক্ষেত্রে মূল নাম বিবেচ্য হবে।

১১। আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হলে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

১২। অত্র সমিতির ঋণ খেলাপীগন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না ।

১৩। নির্বাচন কমিটির কোন সদস্য নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

১৪। মনোনয়ন পত্রের এবং প্রতিনিধি ফরমের নির্দিষ্ট স্থানে জেলা বা উপজেলা সমবায় অফিসারের প্রতি স্বাক্ষর থাকতে হবে।

১৫। দাখিলকৃত মনোনয়নপত্র অসম্পুর্ন, কাটাকাটি, ঘষামাজা, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত হলে সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৮(১) বিধি অনুযায়ী মনোনয়ন পত্র বাতিল বলে গন্য হবে।

১৬। চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের পর প্রতীক বরাদ্দ প্রদান করা হবে। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী আবেদন করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবেন।

১৭। কোন পদে প্রতিদ্বন্দ্বি প্রার্থীর সংখ্যা নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমুহের অধিক হলে পুনঃরায় অতিরিক্ত প্রতীক বরাদ্দ প্রদান করা হবে।

১৮। নির্বাচনী তফসিল মোতাবেক প্রার্থীতা প্রত্যাহারের পর কোন পদে একজন মাত্র বৈধ প্রার্থী থাকলে সমবায় সমিতি বিধিমালা/২০০৪এর ৩২(১) বিধি মোতাবেক উক্ত প্রার্থীকে যথাযথভাবে নির্বাচিত হইয়াছে বলিয়া ঘোষনা করা হবে।

| | | |
|---|---|---|
| 05/03/2026 | 05/03/2026 | 05/03/26 |
| (মোঃ আশরাফুল আনাম) | (মোঃ নাজিমুল হক চৌধুরী) | (রাজেদুল আলম প্রধান) |
| সদস্য | সদস্য | সভাপতি |
| নির্বাচন কমিটি/২০২৬ | নির্বাচন কমিটি/২০২৬ | নির্বাচন কমিটি/২০২৬ |
| নীলফামারী সদর উপজেলা ইউসিসিএ লিঃ | নীলফামারী সদর উপজেলা ইউসিসিএ লিঃ | নীলফামারী সদর উপজেলা ইউসিসিএ লিঃ |
| ও | ও | ও |
| সহকারী পরিদর্শক | পরিদর্শক | উপজেলা সমবায় অফিসার |
| উপজেলা সমবায় কার্যালয় | জেলা সমবায় কার্যালয় | সদর, নীলফামারী।। |
| নীলফামারী সদর, নীলফামারী। | নীলফামারী। | |

স্মারক নং ০১/১(১০) তারিখঃ ০৫/০৩/২০২৬ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ-

০১। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

০৩। জেলা সমবায় অফিসার, নীলফামারী।

০৪। অফিসার ইনচার্জ, নীলফামারী সদর থানা, নীলফামারী।

০৫। উপজেলা সমবায় অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

০৬। সদস্য সচিব, নীলফামারী সদর ইউসিসিএ লিঃ ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নীলফামারী সদর, নীলফামারী। তাঁহাকে নীলফামারী সদর ইউসিসিএ লিঃ এর নির্বাচনী তফসীলটি সকল সদস্য সমিতিসহ সংশ্লিষ্ট সকলের নিকট ব্যাপক প্রচারের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, নীলফামারী সদর ইউসিসিএ লিঃ । তাঁহাকে নির্বাচনী তফসীলটি সকল সদস্য সমিতিসহ সংশ্লিষ্ট সকলের নিকট ব্যাপক প্রচারের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯। ..........................................................................................সদস্য নির্বাচন কমিটি নীলফামারী সদর ইউসিসিএ লিঃ ।

১০। সমিতির নোটিশ বোর্ড।

১১। অফিস নথি।

05/03/26

**(রাজেদুল আলম প্রধান)**
**সভাপতি**
**নির্বাচন কমিটি/২০২৬**
**নীলফামারী সদর ইউসিসিএ লিঃ**
**ও**
**উপজেলা সমবায় অফিসার**
**নীলফামারী সদর, নীলফামারী।**